# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

২০১৫ সালের নভেম্বর, মাসের কার্যসম্পাদনের পর্যালোচনা

১। ক) উৎপাদনঃ

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অধীন ১৫ টি চিনিকলে ২০১৫-২০১৬ মাড়াই মৌসুমে ১৬০০০০০ মে.টন ইক্ষু মাড়াই করে ৭.৫৮% চিনি আহরণ হারে ১২১২৬০ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। করপোরেশনের কারখানাগুলোতে মাস-ওয়ারী পণ্য উৎপাদনের পরিসংখ্যান নিম্নরূপঃ

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ উৎপাদনের পরিমাণ | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | চিটাগুড় (মে.টন) | স্পিরিট এন্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) | |
| জুলাই,২০১৫ | অমৌসুম | অমৌসুম | ৩৩০৪৪১ | ৪৯.২৫ | |
| আগস্ট,২০১৫ | অমৌসুম | অমৌসুম | ২২৩৫১৯ | ১০০.৬৪ | |
| সেপ্টেম্বর,২০১৫ | অমৌসুম | অমৌসুম | ৪০৬৭০২ | ৯২.৫১ | |
| অক্টোবর,২০১৫ | অমৌসুম | অমৌসুম | ৩২২২৭৮ | ১১৫.২০ | |
| নভেম্বর,২০১৫ | ৭২১১ | ৪১৫০ | ৩৪৬৩৫৬ | ১২৪ | |
| ডিসেম্বর,২০১৫ | | | | | |
| জানুয়ারি,২০১৬ | | | | | |
| ফেব্রুয়ারি,২০১৬ | | | | | |
| মার্চ,২০১৬ | | | | | |
| এপ্রিল,২০১৬ | | | | | |
| মে,২০১৬ | | | | | |
| জুন,২০১৬ | | | | | |
| মোট ঃ | ৭২১১ | ৪১৫০ | ১৬২৯২৯৬ | ৪৮১.৮ | |

খ) উৎপাদন (পরিমাণ):

চিনি: নভেম্বর, ২০১৫ মাসে ৫ টি চিনিকলে ৭২১১ মে:টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৭২১১ মে:টন চিনি উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১০০%। এ সময় পর্যন্ত উৎপাদন ৭২১১ মে:টন চিনি । গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ১৫৬ মে: টন।

মোলাসেস: নভেম্বর, ২০১৫ মাসে ৫ টি চিনিকলে ৪১৫০ মে:টন চিটাগুড় উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৪১৫০ মে:টন চিটাগুড় উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১০০%। এ সময় পর্যন্ত উৎপাদন ৪১৫০ মে:টন চিটাগুড় । গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৮০ মে: টন।

স্পিরিট ও এলকোহল :

নভেম্বর, ২০১৫ মাসে কেরুর ডিস্টিলারিতে ৪৬৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট ও এ্যালকোহল উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৪৬৩৫৬ প্রুফ লিটার উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৭৪%। এ সময় পর্যন্ত উৎপাদন ১৬২৯২৯৬ প্রুফ লিটার। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ২০০৬০৭৮ প্রুফ লিটার। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১৯% কম।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

নভেম্বর, ২০১৫ মাসেরেনউইক,যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্প্রনিতে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ৯১.৬৭ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১২৪ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১৩৫%। এ সময় পর্যন্ত উৎপাদন ৪৮১.৮০ মে.টন। বাজার ও চিনিকলের যন্ত্রাংশের চাহিদার ভিত্তিতে ইঞ্জিনিয়ারিং পণ্যাদি উৎপাদন করা হয়। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৪০৪.৯৫ মে.টন। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১৯% বেশি ।

উৎপাদন ব্যয় :

নভেম্বর, ২০১৫ মাসে করপোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমুহে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ৪১১১.৯৫ লক্ষ টাকা। এ মাসে উৎপাদন ব্যয়ের লক্ষ্যমাত্রা ৩৫২৬.৭১ লক্ষ টাকা। এ সময় পর্যন্ত উৎপাদন ব্যয় ৯৮৩০.৬০ লক্ষ টাকা। গত বছর এ সময়ে উৎপাদন ব্যয় ৭৪২৮.০৬ লক্ষ টাকার তুলনায় ৩২% বেশি।

২। বিক্রয় (পরিমাণ) :

চিনি :

নভেম্বর, ২০১৫ মাসে চিনিকলসমূহে ৯৬৯৭.৫১ মে.টন চিনি বিক্রয় হয়। এ সময় পর্যন্ত চিনি বিক্রয়ের পরিমাণ ২৮৯৮৮.২১ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৫২৩৯৪.৬৫ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৪৫% কম।

মোলাসেস :

নভেম্বর, ২০১৫ মাসে চিনিকলসমূহে ৫০৫৪.০০ মে.টন মোলাসেস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৮২০.৭১ মে.টন মোলাসেস বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৭৬%। এসময় পর্যন্ত বিক্রয় ২০১৮৩.০৯ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত মোলাসেস বিক্রয় ছিল ২৩৮২৮.৬৮ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ১৫% কম ।

স্পিরিট ও এ্যালকোহল ও ফরেন লিকার :

নভেম্বর, ২০১৫ মাসে কেরম্ন ডিস্টিলারিতে ৪৬৬৬৬৬.৬৭ প্রম্নফ লিটার স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৩১৩৬৯ প্রম্নফ লিটার বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৭১%। এ সময় পর্যন্ত বিক্রয় ১৫৯০১০৬ প্রম্নফ লিটার। গত বছর এসময়ে বিক্রয় ছিল ১৭৯৫৩৩৩ প্রম্নফ লিটার। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ১১% কম।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

নভেম্বর, ২০১৫ মাসে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ৯১.৬৭ মে. টন ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ১৭০ মে. টন বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার চেয়ে ৮৫% বেশি।এ সময় পর্যন্ত বিক্রয় ৪৬৫.১৮ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৩২৭.৬৭ মে.টন। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ৪২% বেশি।

বিক্রয়(মূল্য) :

নভেম্বর, ২০১৫ মাসে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে ৯৬৯৭.৫১ মে. টন চিনি এবং অন্যান্য উৎপাদিত পণ্যাদি বিক্রয় বাবদ মোট ৬২২৪.৬৫ লক্ষ টাকা পাওয়া গিয়াছে যা এই মাসের বিক্রয় মূল্যের লক্ষ্যমাত্রা ৬৫৮৯.৭০ লক্ষ টাকার ৯৪%। এ সময় পর্যন্ত মোট বিক্রয় মূল্য ২২৬৫৭.৬২ লক্ষ টাকা যা বিগত বছরের একই সময়ে বিক্রয় মূল্য ৩২০৪৩.৪০ লক্ষ টাকার তুলনায় ২৯% কম। পণ্যভিত্তিক ও কারখানাভিত্তিক বিক্রয়ের পরিসংখ্যান ১১-১৬ নম্বর পৃষ্ঠায় এনেক্সার-২/এ ও ২/বি তে সংযুক্ত করা হল।

করপোরেশনের মাসওয়ারী প্রকৃত বিপণনের একটি পরিসংখ্যান নিম্নে দেওয়া হল :

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ প্রকৃত বিপণনের পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | | চিটাগুড় (মে.টন) | স্পিরিট অ্যান্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) |
| | নিজস্ব উৎপাদিত | আমদানিকৃত | | | |
| জুলাই,২০১৫ | ৬৩১৭.০৮ | - | ২৫৬৪.৫৭ | ২৭৭২১৫ | ৫৭.১৮ |
| আগস্ট,২০১৫ | ২৯০১.১৮ | - | ৫২০৪.৫৯ | ২৭৫১৪৯ | ৮৬.০০ |
| সেপ্টেম্বর,২০১৫ | ৩৩৯৬.১০ | - | ৪১২০.৩৯ | ৩৫৬৭৬৮ | ৭৮.০০ |
| অক্টোবর,২০১৫ | ৬৬৭০.১৫ | - | ৪৪৭২.৮৪ | ৩৪৯৬০৫ | ৭৪.০০ |
| নভেম্বর,২০১৫ | ৯৬৯৭.৫১ | - | ৩৮২০.৭১ | ৩৩১৩৬৯ | ১৭০.০০ |
| ডিসেম্বর,২০১৫ | | - | | | |
| জানুয়ারি,২০১৬ | | - | | | |
| ফেব্রুয়ারি,২০১৬ | | - | | | |
| মার্চ,২০১৬ | | - | | | |
| এপ্রিল,২০১৬ | | - | | | |
| মে,২০১৬ | | - | | | |
| জুন,২০১৬ | | - | | | |
| মোট ঃ | ২৮৯৮৮.২১ | - | ২০১৮৩.১০ | ১৫৯০১০৬ | ৪৬৫.১৮ |

৩। **উৎপাদিত দ্রব্যাদির মজুদ :**

নভেম্বর, ২০১৫ মাসের শেষে চিনিকলসমূহে ১২৭৭৮০.৯০ মে.টন চিনি মজুদ রয়েছে। গত বছর এই মাসে চিনি মজুদের পরিমাণ ছিল ১৩৩৮৩২.২০ মে.টন। আলোচ্য মাস পর্যন্ত বিভিন্ন শিল্প কারখানায় উৎপাদিত পণ্যাদি ও চিনির মজুদ মূল্য দাঁড়ায় ৫২৭৫৮.৬০ লক্ষ টাকা যা গত বছরের এ সময়ের মজুদ মূল্য ৫২৭৫০.২৪ লক্ষ টাকার তুলনায় ০.০২% বেশি। কারখানাভিত্তিক মজুদ বিবরণী ১৭-১৮ নং পৃষ্ঠায় এনেক্সার ৩ এ সংযুক্ত করা হল।

৪। **উৎপাদন সহায়ক মালামালের মজুদ :**

নভেম্বর, ২০১৫ মাসের শেষে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে উৎপাদন সহায়ক মালামালের মজুদ মূল্য দাঁড়ায় ২২৯৯.৮১ লক্ষ টাকা যাহা বিগত বছর এই মাসের শেষে মজুদ মূল্য ১৯৫৫.৭১ লক্ষ টাকার তুলনায় ১৮% বেশী। উৎপাদন সহায়ক মালামালের বিবরণী ১৯-২১ পৃষ্ঠায় এনেক্সার-৪এ সংযুক্ত করা হল।

৫। **শুল্ক ও কর প্রদান :**

করপোরেশনের সদর দপ্তর ও অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহে হতে নভেম্বর, ২০১৫ মাসে ভ্যাট ও অন্যান্য কর বাবদ ৬৩৪.৮৯ লক্ষ টাকা (ভ্যাট ৬০৭.৪৫ লক্ষ টাকা এবং অন্যান্য কর ২৭.৪৪ লক্ষ টাকা) প্রদান করা হয়। এ সময় পর্যন্ত ভ্যাট ও অন্যান্য কর বাবদ মোট ২৯৩৭.৮৩ লক্ষ টাকা প্রদান করা হয়।

--------------